দৈনিক বাংলা

30-NOV-88

00L068


# দৈনিক বাংলা

ঢাকা ঃ বুধবার, ১৪ই অগ্রহায়ণ, ১৩৯৫ ঃ ৩০শে নবেম্বর, ১৯৮৮


## শিক্ষিত জাতি গঠনের ডাক

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ শিক্ষক সমাজের প্রতি বাংলাদেশকে একটি শিক্ষিত জাতি হিসেবে প্রতিষ্ঠিত করার লক্ষ্যে সর্বাত্মক প্রচেষ্টা চালানোর আহ্বান জানিয়েছেন। বস্তুত, শিক্ষা একটি জাতির মেরুদণ্ড হিসাবে সর্বজন স্বীকৃত। শিক্ষার ব্যাপক বিস্তার ব্যতিরেকে জাতীয় উন্নয়ন ও অগ্রগতির লক্ষ্য পূরণ অকল্পনীয়। শিক্ষার বিস্তারে সরকার নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। বর্ধিত সুযোগ-সুবিধার উপযুক্ত ব্যবহারের মাধ্যমে শিক্ষকেরাই এই অপরিহার্য জাতীয় লক্ষ্য পূরণ করতে পারেন।

দেশে উচ্চশিক্ষার হার যতটুকু বাড়ছে, সাধারণ শিক্ষার হার ততটা বাড়ছে না। উচ্চ ডিগ্রীর সংখ্যা দিয়ে যেমন একটি দেশের শিক্ষিতের হার নির্ণয় করা যায় না, তেমনি সাধারণ শিক্ষার ব্যাপক বিস্তার ছাড়া শিক্ষা এবং উন্নয়নের ভিতও তৈরি হয় না। সরকার তাই সঙ্গতভাবেই প্রাথমিক শিক্ষার বিস্তারের ওপর গুরুত্ব আরোপ করেছেন। দু হাজার সালের মধ্যে প্রাথমিক শিক্ষাকে সর্বজনীন করে তোলার লক্ষ্য নির্ধারিত হয়েছে। এ লক্ষ্য বাস্তবায়নের গুরুদায়িত্ব বহুলাংশে প্রাথমিক শিক্ষকদেরই পালন করতে হবে।

লক্ষ্য পূরণের অনুকূল পরিবেশ তৈরির উদ্দেশ্যে সরকার এরই মাঝে কিছু ব্যবস্থা গ্রহণ করেছেন। এতে রয়েছে প্রাথমিক শিক্ষা খাতে বরাদ্দ এবং শিক্ষকদের বেতন কাঠামো পুনর্বিন্যাসের প্রতিশ্রুতিসহ সংশ্লিষ্ট সুযোগ-সুবিধা বৃদ্ধি। এর আগে শিক্ষাখাতে ব্যয়ের চল্লিশ শতাংশ প্রাথমিক শিক্ষার জন্যে নির্ধারিত ছিল। এ বরাদ্দ এখন থেকে পঞ্চাশ শতাংশে উন্নীত হবে। আমাদের অবস্থার পরিপ্রেক্ষিতে এই উন্নয়ন সত্যিকার অর্থেই সন্তোষজনক। এরপর শিক্ষকদের কাছ থেকে উদ্যোগ আর দায়িত্ব গ্রহণে প্রস্তুতি খুব বড় প্রত্যাশা নয়। আমরা আশা করব, প্রেসিডেন্টের এ আহ্বান প্রাথমিক শিক্ষার অঙ্গনে নতুন প্রাণচাঞ্চল্যের জন্ম দেবে।

জাতির বৃহত্তর স্বার্থে প্রাথমিক পর্যায় পর্যন্ত শিক্ষা সকল নাগরিকের জন্যে নিশ্চিত করা একটি অতীব গুরুত্বপূর্ণ বিষয়। এ লক্ষ্য অর্জন সময় ও শক্তি সাপেক্ষ। দু হাজার সাল নাগাদ যদি প্রতিটি শিশুর জন্যে প্রাথমিক শিক্ষা নিশ্চিত করা যায় তা এ সমাজের বৈপ্লবিক অগ্রগতির স্বীকৃতি পাবে। বিরাজমান শিক্ষা সুযোগ, বিদ্যালয় এবং শিক্ষকের সংখ্যা, এবং অর্থনৈতিক অবস্থায় আমাদের প্রচেষ্টা জোরদার করতে হবে। আমরা তাই মনে করি, প্রচলিত প্রাথমিক শিক্ষার পাশাপাশি অপ্রাতিষ্ঠানিক শিক্ষাকার্যক্রমের সম্ভাবনা যাচাই করা প্রয়োজন।